



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৪ জুন, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৪ জুন, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ১০ টায় দুই দিন ব্যাপি আন্তঃবিশ্ববিদ্যালয় ক্যারম প্রতিযোগিতা-২০১৯ এর শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে তাৎপর্যপূর্ণ সম্পর্ক তৈরিতে এ ধরনের প্রতিযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সম্প্রীতি গড়ে তুলতে এ ধরনের প্রতিযোগিতা বেশি বেশি আয়োজন করা দরকার। আশা করি আমাদের সকলের আন্তরিক প্রচেষ্টায় আমরা সুন্দর ও সুশৃঙ্খলভাবে এ প্রতিযোগিতা সম্পন্ন করব।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আশিয়া। উল্লেখ্য প্রতিযোগিতায় মোট পাচটি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। এগুলো হলো বরিশাল বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এবং স্বাগতিক শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। আগামীকাল প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার